



# ঢাকা কমার্স কলেজ

(স্ব-অর্থায়নে পরিচালিত রাজনীতি ও ধূমপানমুক্ত)

ঢাকা কমার্স কলেজ রোড, মিরপুর, ঢাকা-১২১৬, ফোন: ৯০২৩৩৩৮, ৯০০৪৯৪২, ৯০০৭৯৪৫

E-mail : [cdhakacommercecollege@yahoo.com](mailto:cdhakacommercecollege@yahoo.com) Website: [www.dcc.edu.bd](http://www.dcc.edu.bd)

স্মারক নং: ঢাকক-

তারিখ: ১০/০১/২০২৪

## বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা-২০২৪

কলেজের সকল শিক্ষার্থীকে জানানো যাচ্ছে যে, বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা আগামী ২০ জানুয়ারি ২০২৪ বেড়িবাঁধ সংলগ্ন বিইউবিটি এর খেলার মাঠে অনুষ্ঠিত হবে। নিম্নে উল্লেখিত প্রতিযোগিতার বিষয়সমূহে অংশগ্রহণে ইচ্ছুক শিক্ষার্থীদের আগামী ১৪ জানুয়ারি ২০২৪ তারিখের মধ্যে কাজী ফারুকী ভবনের নিচ তলায় রক্ষিত ছাত্র ও ছাত্রীদের জন্য নির্ধারিত বাক্সে প্রতিযোগিতার বিষয়সমূহের নাম, শিক্ষার্থীর নাম, রোল, শ্রেণি, সেকশন/বিভাগ উল্লেখ করে জমা দেয়ার জন্য বলা হচ্ছে। শিক্ষার্থীদের বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতার জন্য অনুশীলন ও প্রস্তুতি গ্রহণের পরামর্শ দেয়া হলো।

একজন প্রতিযোগী সর্বোচ্চ ০৩ (তিন)টি বিষয়ে প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে পারবে। রিলে ও যেমন খুশি সাজ ব্যতীত।

### প্রতিযোগিতার বিষয়সমূহ (ছাত্র)

১০০ মিটার, ২০০ মিটার, ৪০০ মিটার, ৮০০ মিটার, ১৫০০ মিটার, ৪×১০০ মিটার রিলে ও ৫০ মিটার বস্তা দৌড়। বর্শা, চাক্তি ও গোলক নিক্ষেপ, উচ্চ লাফ ও দীর্ঘলাফ এবং লাফ-ধাপ-ঝাঁপ (Triple Jump)।

### প্রতিযোগিতার বিষয়সমূহ (ছাত্রী)

১০০ মিটার, ২০০ মিটার, ৪×১০০ মিটার রিলে ও ৫০ মিটার ভারসাম্য দৌড়। বর্শা, চাক্তি ও গোলক নিক্ষেপ এবং উচ্চ লাফ ও দীর্ঘ লাফ।

### যেমন খুশি সাজ (ছাত্র/ছাত্রী)

শিক্ষা প্রতিষ্ঠানের ভাবমূর্তির সঙ্গে সঙ্গতিপূর্ণ সাজ নির্বাচন করতে হবে। পাগল, রাজনীতিবিদ, ডাকাত ও ধর্মীয় বা সামাজিক অনুভূতিতে আঘাত হানে এমন সাজ পরিহার করতে হবে।

উল্লেখ্য যে, প্রতিযোগিতার বাছাই ও চূড়ান্ত পর্বের স্থান এবং সময় পরবর্তিতে বিজ্ঞপ্তির মাধ্যমে জানানো হবে।

অধ্যক্ষ

ঢাকা কমার্স কলেজ